

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৯৩৩

৪৬/ রাসূলুল্লাহ ্রান্ট্র ও তার সাহাবীগণের মর্যাদা (ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (﴿ كَتَابِ الْمِنَاقِبِ عَن رَسُولَ اللهِ كَاللهِ كَاللهُ اللهُ كَاللهُ اللهُ الله

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنِي ثَوْرُ بْنُ زَيْدٍ الدِّيلِيُّ، عَنْ أَبِي الْغَيْثِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ كُنَّا عِنْدَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم حِينَ أُنْزِلَتْ سُورَةُ الْجُمُعَةِ فَتَلاَهَا فَلَمَّا بَلَغَ: (وآخَرِينَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوا بِهِمْ) قَالَ لَهُ رَجُلُّ يَا رَسُولَ اللَّهِ مَنْ هَوُّلاَءِ الَّذِينَ لَمْ يَلْحَقُوا بِنَا فَلَمْ يُكَلِّمهُ . قَالَ وَسَلْمَانُ الْفَارِسِيُّ فِينَا . قَالَ فَوَضَعَ رَسُولُ اللَّهِ مَنْ هَوُّلاَءِ الَّذِينَ لَمْ يَلْحَقُوا بِنَا فَلَمْ يُكَلِّمهُ . قَالَ وَسَلْمَانُ الْفَارِسِيُّ فِينَا . قَالَ فَوَضَعَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَدَهُ عَلَى سَلْمَانَ فَقَالَ " وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَوْ كَانَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم يَدَهُ عَلَى سَلْمَانَ فَقَالَ " وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَوْ كَانَ الْإِيمَانُ بِالثُّرِيَّ لَتَنَاوَلَهُ رِجَالٌ مِنْ هَوُّلاَءِ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجُهُ عَنْ أَبِي هُرَيْرَةً عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَأَبُو الْغَيْثِ اسْمُهُ سَالِمٌ مَوْلَى عَبْدِ وَجُهٍ عَنْ أَبِي هُرَيْرَةً عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وأَبُو الْغَيْثِ اسْمُهُ سَالِمٌ مَوْلَى عَبْدِ اللّهِ بْنِ مُطِيعٍ مَدَنِيٌّ .

বাংলা

৩৯৩৩। আবৃ হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত আছে। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট আমরা উপস্থিত ছিলাম। সে সময় সূরা আল-জুমুআহ অবতীর্ণ হয় এবং তিনি তা পাঠ করেন। তিনি 'ওয়া আখারীনা মিনহুম লাম্মা ইয়ালহাকু বিহিমি" (এবং তাদের অন্যেরাযারা এখনও তাদের সঙ্গে একত্রিত হয়নি) পর্যন্ত পৌছলে এক ব্যক্তি তাকে প্রশ্ন করলেন, হে আল্লাহর রাসূল! এসব লোক কারা, এখনো যারা আমাদের সঙ্গে একত্রিত হয়নি? তিনি তাকে কিছুই বললেন না।

আবৃ হুরাইরাহ (রাযিঃ) বলেন, সালমান আল-ফারিসী (রাযিঃ) আমাদের মধ্যে হাযির ছিলেন। আবৃ হুরাইরাহ (রাযিঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের হাতখানা সালমান (রাযিঃ)-এর উপর রেখে বললেনঃ সেই সন্তার কসম যার হাতে আমার জীবন! সুরাইয়্যাহ্ তারকায় ঈমান থাকলেও এদের (অনারবদের) কিছু লোক তা নিয়ে আসবে।

সহীহঃ বুখারী ও মুসলিম। এটা ৩৩১০ নং হাদীসের পুনরুক্তি।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান। হাদীসটি একাধিক সূত্রে আবূ হুরাইরাহ (রাযিঃ)-এর বরাতে নবী সাল্লাল্লাহু



আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত হয়েছে। আবূল গাইস এর নাম সালিম, তিনি আবদুল্লাহ ইবনু মুতী এর মুক্তদাস মদীনার অধিবাসী।

English

Narrated Abu Hurairah:

"We were with the Messenger of Allah (**) when Surat Al-Jumu'ah was revealed, so he recited it until he reached: 'And others among them who have not yet joined them (62:3).' A man said to him: 'O Messenger of Allah! Who are these people who have not yet joined us?' But he did not say anything to him." He said: "Salman Al-Farisi was among us." He said: "So the Messenger of Allah (**) placed his hand upon Salman and said: 'By the One Whose Hand is my soul! If faith were on Pleiades then men among these people would reach it.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন